



রিজভীর পা ধরে সালাম দেওয়ায় ক্লোজড ট্রাফিক সার্জেন্ট আরিফুল



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর পা ধরে সালাম দেওয়ার ঘটনায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ট্রাফিক সার্জেন্ট মোহাম্মদ আরিফুল ইসলামকে ক্লোজড করা হয়েছে।

ডিএমপির ট্রাফিক মিরপুর বিভাগের উপ-পুলিশ কমিশনার গৌতম কুমার বিশ্বাসের স্বাক্ষরিত অফিস আদেশ অনুযায়ী, প্রশাসনিক কারণে আরিফুলকে মিরপুর ট্রাফিক জোন থেকে প্রত্যাহার করে সদর দপ্তরের প্রশাসন বিভাগে সংযুক্ত করা হয়েছে। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

উপ-পুলিশ কমিশনার গৌতম কুমার বিশ্বাস লেন্স এশিয়া বাংলাকে বলেন, সার্জেন্ট আরিফুলকে ডিএমপি সদর দপ্তরে পাঠানো হয়েছে।

ঘটনার প্রেক্ষাপট অনুযায়ী, দুপুরে রিজভী একটি প্রোগ্রামের শেষে গাড়িতে উঠার সময় আরিফুল তার পা ধরে সালাম করেন। এ ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে দ্রুত ভাইরাল হয়েছে এবং সমালোচনার ঝড় সৃষ্টি করেছে।